



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh. Phone: 0371-61328

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১১ জানুয়ারী ২০০৭

প্রেস বিজ্ঞপ্তি

জুম্ম সংবাদ বুলেটিন নিষিদ্ধ করার বিরুদ্ধে সমালোচনা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) -এর সাধারণ সম্পাদক রবি শঙ্কর চাকমা আজ ১১ জানুয়ারী ২০০৭ এক বিবৃতিতে সরকার কর্তৃক জনসংহতি সমিতির অনিয়মিত প্রকাশনা জুম্ম সংবাদ বুলেটিন নিষিদ্ধ ঘোষণার কঠোর সমালোচনা করে বলেছেন, সরকারের এই পদক্ষেপ সংবিধান স্বীকৃত বাক-স্বাধীনতার হরণ ছাড়া আর কিছু নয়।

দেশের প্রত্যেকটি সরকার পার্বত্য চট্টগ্রামের জনগণের মৌলিক অধিকার লঙ্ঘন করেছে অভিযোগ করে তিনি বলেন, অতীতে পার্বত্য চট্টগ্রাম থেকে প্রকাশিত জনপ্রিয় ম্যাগাজিন রাডার, স্যাটেলাইট ও জুম্মকণ্ঠ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। কিন্তু তাতে জনগণের ন্যায়সঙ্গত আন্দোলন দমন করা যায়নি।

তিনি বলেন, যে কোন নাগরিকের স্বাধীনভাবে মতামত প্রকাশের অধিকার রয়েছে। এই অধিকার হরণ করার পরিণাম কখনো সুখকর হবে না বলে তিনি মন্তব্য করেন।

রিপন চাকমা

প্রেস সেকশন

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

চট্টগ্রাম ইউনিট।